গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

**বিষয়** : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের আওতায় প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা শিক্ষার্থীদের তথ্য চূড়ান্তকরণ এবং বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীর হালনাগাদকৃত তথ্যসহ পে-রোল প্রস্তুতির অনুমোদনের নিমিত্ত কেন্দ্রীয় কমিটির সভার কার্যবিবরণী।

**সভাপতি** : শোয়াইব আহমাদ খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
**তারিখ ও সময়** : ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ, সময় : সকাল ১১:০০ ঘটিকা।
**সভার স্থান** : মহাপরিচালকের সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

আলোচনার শুরুতে সভার সভাপতি কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শোয়াইব আহমাদ খান [অতিরিক্ত সচিব] উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপবৃত্তি সেলের সংযুক্ত কর্মকর্তা প্রকৌশলী শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম [অধ্যক্ষ, টি এস সি] সভাকে অবহিত করেন যে, "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৩ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুসারে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দ হতে ২০২৪ শিক্ষাবর্ষের প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম শ্রেণি), এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) (৯ম-১০ম শ্রেণি), এইচএসসি ভোকেশনাল (একাদশ-দ্বাদশ শ্রেণি), চার বছর মেয়াদী ডিপ্লোমা ২য় পর্ব (২০২৩-২৪ শিক্ষাবর্ষ), ৪র্থ পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ), ৬ষ্ঠ পর্ব (২০২১-২২ শিক্ষাবর্ষ) এবং ৮ম পর্ব (২০২০-২১ শিক্ষাবর্ষ) এর উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেওয়া হয় এবং ২৬ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখ হতে ১৯ জানুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত তথ্য এন্ট্রি ও আপডেটের এবং আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে যাচাই বাছাইয়ান্তে DTE Stipend MIS এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ২৬ জানুয়ারি,২০২৫ খ্রি. তারিখের মধ্যে তথ্য প্রেরণ করার সময়সীমা নির্ধারণ করা হয়।

**২.০ আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক প্রেরিত ১৬,৬৭৪ জন শিক্ষার্থীর তথ্য যাচাই বাছাই, চূড়ান্তকরণ এবং পে-রোল প্রস্তুতির অনুমোদন:**

২.১.১ কারিগরি উপবৃত্তি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত সময় অনুযায়ী তথ্য এন্ট্রি ও আপডেট সম্পন্ন করে আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে প্রেরণ করে। প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা ১৬,৬৭৪ জন শিক্ষার্থীর তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যসমূহ যাচাই-বাছাইপূর্বক কারিগরি শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করে।

২.১.২ আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ হতে DTE Stipend MIS এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের সারসংক্ষেপ নিম্নরূপ:

| ক্রম | অঞ্চল | ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি | অষ্টম শ্রেণি | নবম শ্রেণি | দশম শ্রেণি | একাদশ শ্রেণি | দ্বাদশ শ্রেণি | ডিপ্লোমা ২য় পর্ব | ডিপ্লোমা ৪র্থ পর্ব | ডিপ্লোমা ৬ষ্ঠ পর্ব | ডিপ্লোমা ৮ম পর্ব | **মোট** |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বরিশাল | ৪১ | ৩৭ | ৩০ | ৪১৮ | ৬২ | ২৫ | ৩ | ১৭৯ | ১০৩ | ৭৩ | ২৯ | **১০০০** |
| ২ | চট্টগ্রাম | ৪৬০ | ২৮৯ | ৩৫৮ | ৫৯৫ | ৯ | ৮৪ | ৬২ | ৩৮৯ | ১৫৪ | ৩৮ | ৪৪ | **২৪৮২** |
| ৩ | ঢাকা | ২৭৬ | ৩১০ | ৩৯৮ | ১২৭১ | ৩৩২ | ৬৮ | ৬ | ৪৯৮ | ১২৭ | ৫০ | ৪৮ | **৩৩৮৪** |
| ৪ | খুলনা | ৩২৬ | ২১৬ | ২৫১ | ৫৯৭ | ৬০ | ২৮ | ০ | ৪০৩ | ৫২ | ৩০ | ৩৩ | **১৯৯৬** |
| ৫ | ময়মনসিংহ | ১৩ | ১০ | ৩ | ৩৩৬ | ২৭ | ১০ | ১ | ১৪১ | ৯১ | ২৫ | ২২ | **৬৭৯** |
| ৬ | রাজশাহী | ৩৭৭ | ২১৯ | ২১২ | ১৪১৩ | ১৭৭ | ৩২ | ১ | ৫৮০ | ১৫৪ | ৫৮ | ৩০ | **৩২৫৩** |
| ৭ | রংপুর | ৪১২ | ১৯৬ | ২২৮ | ১২১৭ | ১৬৩ | ১২৬ | ২৫ | ৩৭৩ | ১২০ | ৪০ | ১৬ | **২৯১৬** |
| ৮ | সিলেট | ১৬৩ | ১৫৪ | ২২১ | ২৪৮ | ৩৭ | ১২ | ৫ | ৯২ | ১৩ | ১০ | ৯ | **৯৬৪** |
| | **সর্বমোট** | **২০৬৮** | **১৪৩১** | **১৭০১** | **৬০৯৫** | **৮৬৭** | **৩৮৫** | **১০৩** | **২৬৫৫** | **৮১৪** | **৩২৪** | **২৩১** | **১৬৬৭৪** |

২.১.৩ আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ হতে প্রাপ্ত তথ্য যাচাই বাছাই করে সভায় ৬৭ জন শিক্ষার্থীর তথ্যে নিম্নবর্ণিত ভুলগুলি পাওয়া যায়:

| ক্রম | অঞ্চল | ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি | অষ্টম শ্রেণি | নবম শ্রেণি | দশম শ্রেণি | একাদশ শ্রেণি | দ্বাদশ শ্রেণি | ২য় পর্ব | ৪র্থ পর্ব | ৬ষ্ঠ পর্ব | ৮ম পর্ব | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | চট্টগ্রাম | ১ | ১ | ৫ | ১ | | | | ৪ | ৩৩ | | | ৪৫ | নামের বানান ভুল, শিক্ষাক্রম ২০২৫ সালের অনুমোদন ও শিক্রাক্রম অনুমোদিত নহে |
| ৩ | ঢাকা | | | | | | | | ১ | | | | ১ | |
| ৬ | রাজশাহী | | ২ | ৬ | ৪ | ২ | | | | ১ | | | ১৫ | |
| ৭ | রংপুর | | ২ | ২ | ২ | | | | | | | | ৬ | |
| | সর্বমোট | ১ | ৫ | ১৩ | ৭ | ২ | | | ৫ | ৩৪ | | | ৬৭ | |

২.১.৪ আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত ১৬,৬৭৪ জন শিক্ষার্থীর মধ্যে প্রাপ্ত ৬৭ জন শিক্ষার্থীর ভুল তথ্য বাদ দিয়ে সর্বমোট ১৬,৬০৭ জন শিক্ষার্থীর তথ্য অনুমোদন প্রদান করার বিষয়ে সভার সকলে সম্মতি প্রকাশ করেন।

২.১.৫ DTE Stipend MIS এ বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীর হালনাগাদকৃত তথ্য এবং প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা ১৬,৬০৭ জন শিক্ষার্থীসহ কারিগরি উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ এ উল্লেখিত হারে পে-রোল প্রস্তুত করা যায় মর্মে সভার সকলে সম্মত হন।

৩। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ:

**সিদ্ধান্ত-১:** আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত ১৬,৬৭৪ জন শিক্ষার্থীর মধ্যে ৬৭ জন শিক্ষার্থীর তথ্যে ভুল থাকার কারণে সুবিধাভোগী হিসেবে অনুমোদন করা হলো না।

**সিদ্ধান্ত-২:** আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত ১৬,৬৭৪ জন শিক্ষার্থীর মধ্যে ৬৭ জন শিক্ষার্থীর তথ্য আঞ্চলিক কার্যালয়ে ফেরত প্রদানপূর্বক অবশিষ্ট ১৬,৬০৭ জন শিক্ষার্থীর তথ্য অনুমোদন করা হলো।

**সিদ্ধান্ত-৩:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের আওতায় প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা ১৬,৬০৭ জন শিক্ষার্থী এবং বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীর হালনাগাদকৃত তথ্যসহ পে-রোল প্রস্তুতির (কারিগরি উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ এ উল্লেখিত হারে) পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুমোদন দেওয়া হলো।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. রেজা হাসান মাহমুদ
সহকারি পরিচালক-১০
কারিগরি শিক্ষা অধিদপ্তর

মোঃ এনায়েত করিম
সহকারি পরিচালক -৫
কারিগরি শিক্ষা অধিদপ্তর

মোঃ হাবিবুর রহমান
সহকারি পরিচালক-১
কারিগরি শিক্ষা অধিদপ্তর

মোঃ আব্দুল হান্নান
উপসচিব (রেজিস্ট্রেশন)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শ.ম. সাইফুল আলম
উপপরিচালক
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

প্রকৌ.শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম
সংযুক্ত কর্মকর্তা
(অধ্যক্ষ,টিএসসি)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

মোঃ নুরুল হাফিজ
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

প্রকৌশলী মোঃ রেজাউল হক
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রকৌ. মোঃ সাজ্জাদুর রহমান
পরিচালক (পিআইইউ),
কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রকৌশলী মোঃ জয়নাল আবেদীন
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

মোঃ মিজানুর রহমান
পরিচালক (পিআইডব্লিউ)
[যুগ্ম সচিব]
কারিগরি শিক্ষা অধিদপ্তর

(শোয়াইব আহমাদ খান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। মোঃ মিজানুর রহমান, পরিচালক (পিআইডব্লিউ) [যুগ্মসচিব], কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২। প্রকৌশলী মোঃ জয়নাল আবেদীন, পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩। প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান, পরিচালক (পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪। প্রকৌশলী মোঃ রেজাউল হক,পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৫। জনাব মোঃ নুরুল হাফিজ, উপসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৬। প্রকৌশলী শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭। জনাব শ.ম. সাইফুল আলম, উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা;
৮। মোঃ আব্দুল হান্নান,উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
৯। মোঃ হাবিবুর রহমান, সহকারি পরিচালক-১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১০।মোঃ এনায়েত করিম, সহকারি পরিচালক (ভোকেশনাল-৫), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১১। ড. রেজা হাসান মাহমুদ, সহকারি পরিচালক-১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪- ২৫৪ তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

**অবগতি/কার্যার্থে অনুলিপি প্রদত্ত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
২। প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, আই ই বি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা;
৩। সচিবের একান্ত সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয় বাংলাদশ সচিবালয় ঢাকা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা,আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। সংশ্লিষ্ট নথি।

১৯/০২/২০২৫
(প্রকৌশলী শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
সংযুক্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল)
(অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ)।